

মোঃ আশরাফ উদ্দিন, রেक्टर



জনাব মোঃ আশরাফ উদ্দিন বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিস) এর রেक्टर (সরকারের সচিব) হিসেবে ০১লা জানুয়ারি ২০২৩ তারিখ যোগদান করেন। রেक्टरের দায়িত্ব নেওয়ার পূর্বে তিনি বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ব্যবস্থাপনায় স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। ত্রয়োদশ বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১৯৯৪ সালে প্রশাসন ক্যাডারে চাকুরীতে যোগদান করেন। মাঠ প্রশাসনে বিভিন্ন পদে দক্ষতা ও সুনামের সাথে দায়িত্ব পালন করেন। তিনি মন্ত্রণালয় পর্যায়ে, অধিদপ্তর ও পরিদপ্তরে, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে দায়িত্ব পালন করেন।

মাঠ প্রশাসনে দায়িত্ব পালন:

তিনি সহকারী কমিশনার হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধায় কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে গাইবান্ধা সদর উপজেলা ভূমি অফিসে যোগদান করেন। তিনি সিনিয়র সহকারী কমিশনার হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরায়; ভূমি অধিগ্রহণ কর্মকর্তা হিসেবে মৌলভীবাজার জেলায়; প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে মাগুরা ও মৌলভীবাজার জেলায় কর্মরত ছিলেন। এছাড়াও তিনি মৌলভীবাজার জেলার দ্রুত বিচার আদালতের ম্যাজিস্ট্রেট হিসেবেও দায়িত্ব পালন করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার হিসেবে ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলায় এবং সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলায় কর্মরত ছিলেন। পরবর্তীতে তিনি বগুড়া এবং যশোর জেলার জেলা প্রশাসক, জেলা ম্যাজিস্ট্রেট ও কালেক্টর হিসেবে দক্ষতার সাথে দায়িত্বপালন করেন।

মন্ত্রণালয় ও সংস্থা পর্যায়ে দায়িত্ব পালন:

তিনি খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়ে সিনিয়র সহকারী সচিব হিসেবে দায়িত্বপালন করেন। এছাড়া তিনি উক্ত মন্ত্রণালয়সমূহে সচিবের একান্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি পরিবেশ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকায় পরিচালক (মনিটরিং ও এনফোর্সমেন্ট) হিসেবে এবং সরকারি আবাসন পরিদপ্তর, ঢাকা-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ে হইপের একান্ত সচিব হিসেবেও দায়িত্ব পালন করেন।

প্রধানমন্ত্রীর কার্যালয়ে দায়িত্ব পালন:

তিনি প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক এবং মহাপরিচালক হিসেবে দায়িত্বপালন করেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন কালে তিনি প্রধানমন্ত্রীর ফেলোশিপ প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবেও অতিরিক্ত দায়িত্ব পালন করেন।

সংস্থা প্রধান পর্যায়ে দায়িত্ব পালন:

তিনি বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক হিসেবেও তিনি দায়িত্ব পালন করেন।

দেশে গৃহীত প্রশিক্ষণসমূহ:

তিনি বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকায় আইন ও প্রশাসন প্রশিক্ষণ; ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকায় সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ; বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা হতে উপজেলা নির্বাহী অফিসারদের ওরিয়েন্টেশন কোর্স সম্পন্ন করেন।

বিদেশে গৃহীত প্রশিক্ষণ, ওয়ার্কশপ, স্টাডি ট্যুর ও অন্যান্য –

তিনি মালয়েশিয়ায় “Water Resources Management” বিষয়ক প্রশিক্ষণ; দক্ষিণ কোরিয়া হতে “Water Quality Management” বিষয়ে প্রশিক্ষণ, নেদারল্যান্ডস হতে “Training on planning, monitoring and evaluation of Capital Dredging” বিষয়ে প্রশিক্ষণ এবং ইংল্যান্ডে অনুষ্ঠিত “Training Course on Modern Land Management” এ অংশগ্রহণ করেন। ভারতে অনুষ্ঠিত “Mid-Career Training Programme on Field Administration for Civil Servants of Bangladesh” শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। তিনি ওয়ার্কশপ, সেমিনার ও স্টাডি ট্যুরে ভিয়েতনাম, সিঙ্গাপুর, থাইল্যান্ড, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ফ্রান্স, বেলজিয়াম, যুক্তরাষ্ট্র, লুক্সেমবার্গ ও জার্মানী ভ্রমণ করেন। তিনি সীমান্ত সম্মেলনে যোগদানের জন্য বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে মিয়ানমার সফর করেন। বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে অনুষ্ঠিত সভায় অংশগ্রহণের জন্য বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে ব্রাজিল, আর্জেন্টিনা, প্যারাগুয়ে এবং উরুগুয়ে ভ্রমণ করেন। ইংল্যান্ডের গ্লাসগোতে অনুষ্ঠিত বিশ্ব জলবায়ু সম্মেলনে (COP-26) বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে যোগদান করেন।